## ফেব্রুয়ারি ২০২৫ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৫.০২.২০২৫খ্রি.

সময় ঃ দুপুর ০২.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

জনাব নুজহাত তাসনীম আওন, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

জানুয়ারি ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় জানুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে জানুয়ারি ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা হয়নি।

**সিদ্ধান্তঃ ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য-সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী, নোটিশ ও হাজিরা ওয়েব পোর্টালে আপলোড করে হার্ডকপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুরে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় উল্লেখ করে বলেন যে, এ উপজেলায় রবি ২০২৪-২০২৫ অর্থবছরে বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৫২৫৮ হেক্টর। এ পর্যন্ত ১৪৬৭০ হেক্টর জমিতে বোরো ধান রোপন করা হয়েছে। আশা করা যায় এ বছর বোরো ধানের আবাদ লক্ষ্যমাত্রাকে ছাড়িয়ে যাবে। আলুর বাম্পার ফলন হয়েছে। লক্ষ্যমাত্রা ছাড়িয়ে ১৭৫০ হেক্টর স্থলে অর্জিত হয়েছে ২৫৯০ হেক্টর।এ পর্যন্ত উত্তোলন করা হয়েছে ২৪৩৫ হেক্টর জমির আলু। ফলন পাওয়া গেছে ৫৬০০৫ মেঃটন। রবি ২০২৪-২০২৫ অর্থবছরে সরিষা ফসলের লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ১৮৩০ হেক্টর অর্জিত হয়েছে ১৩৫০ হেক্টর। এ পর্যন্ত ১৩৩৫ হেক্টরে সরিষা উত্তোলন হয়েছে ১৯৭৫ মেঃটন। এ অর্থ বছরে শাকসবজির লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ১২৮০ হেক্টর অর্জিত হয়েছে ১২৭০ হেক্টর। এ পর্যন্ত ১২৪৫ হেক্টর জমিতে শাকসবজি উত্তোলন হয়েছে। ফলনের পরিমান ২৮৬৩৫ মেঃটন। এছাড়াও গমের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১২৮ অর্জিত হয়েছে ৮৫, ভূট্টার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৭২৫ অর্জিত হয়েছে ১২৭৫, মিষ্টি আলুর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ০৪ অর্জিত হয়েছে ২, সূর্যমুখীর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৭ অর্জিত হয়েছে ৫, পেঁয়াজের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১২৫ অর্জিত হয়েছে ১২৫, রসুনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ২০ অর্জিত হয়েছে ২০ এবং মরিচের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৫০ অর্জিত হয়েছে ৫২ হেক্টর। এখন পর্যন্ত উক্ত ফসল মাঠে ভাল অবস্থায় আছে মর্মে তিনি উল্লেখ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হাসপাতালও চলছে। কোন সমস্যা নেই। তিনি আরও জানান যে, এডিপি থেকে প্রণোদনা দেয়া হচ্ছে। ১২টি খড় কাটা মেশিন দেয়া হবে। দুধ সংরক্ষণের জন্য পাত্রও দেয়া হবে। এ পর্যায়ে জানুয়ারি ২০২৫ মাসের তথ্য উপস্থাপন করা হয়। ১৬৩৭টি গবাদি প্রাণির এবং ৬৬০৩টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে খামারীদের কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি । কৃত্রিম প্রজনন ৩৯৭ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৫৪টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১৩৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৫০০০০ মাত্রা। এ মাসে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ০১টি হয়েছে। ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। এ মাসে মোবাইল কোর্ট পরিচালিত হয়নি। তবে মোট ৩ মাসের টিকা প্রাপ্তিঃ জানুয়ারি ২০২৫ মাসে (১) তড়কা-২০০০ মাত্রা, (২) বাদলা-৭০০ মাত্রা, (৩) গলাফুলা-৭০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-৫০০০০ মাত্রা, (৫) আরডিবি-২০০০০ মাত্রা, (৬) ফাউল পক্স-০০ মাত্রা, (৭) পাউল কলেরা-৭০০০ মাত্রা, (৮) গট পক্স-৫০০ মাত্রা, (৯) গামবোরো-২০০০০ মাত্রা, (১০) ডাকপ্লেগ-৪৫০০০ মাত্রা, (১১) ক্ষুরা-৩২০ মাত্রা এবং (১২) ছাগ বসন্ত-১৩০০ মাত্রা। সর্বমোট=১৪৭০২০ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ মাসে মৎস্য চাষীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মৎস্য খাদ্য বিষয়ে লাইসেন্স পাওয়া গেছে। APA অনুযায়ী দাপ্তরিক কাগ চলছে মর্মে তিনি সভায় জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গ্রীষ্মকাল এবং রোজার কারণে অফিসে ও বাসায় এসি ২৫ ডিগ্রীর মধ্যে রাখতে হবে। এর | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | বেশী হলে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হতে পারে। বিদ্যুতের লোড শেডিং এর বিষয়টি দিপবিস-২ এর নয়। অফপিক আওয়ারে পাম্পসহ অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার করতে হবে। তিনি আরও জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিদ্যুৎ সংযোগের কাজটি সম্পন্ন হয়েছে। গত সভায় এ বিষয়ে আলোচনা হয়েছিল। | | |
| আলোচনাঃ ১০ উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক ও উন্নয়নমূলক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি'র প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী দ্রুত প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত নিতে হবে। সামনে রমজান। জুন ২০২৫ মাসের মধ্যে গৃহীত প্রকল্পের কাজ শেষ করতে হবে। দ্রুত প্রকল্পগুলো যাচাই-বাছাই শেষ হলে টেন্ডার করতে হবে। দিওড় ইউনিয়নের রাস্তার কাজটি আগামী ২ মাসের মধ্যে সম্পন্ন হবে বলে তিনি সভায় উল্লেখ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর জেলায় অনুষ্ঠিত মিটিং-এ গেছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.২ উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২ বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে তিনি আরও জানান যে, সেচ নিয়ে জটিলতা কেটে যাচ্ছে তবে খানপুরে সমস্যা হচ্ছে। দক্ষিণ শাহাবাজপুরে ২টি ছেলে সমস্যা করছে। কৃষকগণ জোটবদ্ধ হয়ে তাদেরকে বের করে দেয়ায় তারা থানায় মামলা করে। তিনি এস আই এরশাদকে বিষয়টি অবহিত করেন। তিনি সমঝোতা করার পরামর্শ দেন। সেনাবাহিনীকেও জানানো হলে তারা সৈয়দপুর থেকে এসেছিলেন। গভীর ও অগভীর মিলিয়ে সমিতি ও ব্যক্তিগত নামে ৪০৬টি নলকূপ রয়েছে। দিপবিস-২ কে বিদ্যুৎ সংযোগ দেয়ার পূর্বে লাইসেন্স যাচাইসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। এটি করা হলে জটিলতা এড়ানো যাবে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, মাঠে থাকা ইলেক্ট্রিশিয়ান দপ্তরের সাথে আলোচনা না করেই সংযোগ দিয়ে দেয়। এ ফলে এ অবস্থার সৃষ্টি হয়।<br>এ পর্যায়ে দিপবিস-২ এর প্রতিনিধি বলেন যে, মাঠে যারা কাজ করেন তারা দাপ্তরিক লোক নন। সংযোগ দেয়ার ক্ষেত্রে আবেদন প্রাপ্তিরতদন্ত করা হয় এবং উপজেলা নির্বাহী অফিসার এবং বিএমডিএর সাথে আলোচনা সেচের সংযোগ দেয়া হয়। লাইসেন্স না থাকলে বিদ্যুৎ সংযোগ দেয়া হয় না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩ বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর বা প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪ উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, পবিত্র রমজান উপলক্ষ্যে ২৬.০২.২০২৫ তারিখে থেকে বিদ্যালয়গুলো বন্ধ থাকবে। তিনি জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের নিকট অফিসের ওয়াশব্লকের টেন্ডার হয়েছে কি-না জানতে চাইলে উক্ত দপ্তরের প্রতিনিধি জানানন তথ্য জেনে তিনি তাঁকে অবহিত করবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫ উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২৭.০২.২০২৫ তারিখ থেকে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান পবিত্র রমজান উপলক্ষ্যে বন্ধ থাকবে। তিনি আরও জানান যে, ২০১৭ সালের প্রজ্ঞাপনে শিক্ষা সফরে যেতে উপজেলা নির্বাহী অফিসারের অনুমতি নিতে হবে মর্মে উল্লেখ রয়েছে। দীর্ঘ সময় শিক্ষা প্রতিষ্ঠান ছুটি থাকায় চুরি/প্রতিষ্ঠারে | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |



ASMA - Bibith

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | ক্ষয়ক্ষতি হতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অনুরোধ করা হয়।<br>সফলভাবে স্কাউট সম্মেলন সম্পন্ন হওয়ায় উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে তিনি ধন্যবাদ জানান। উপজেলা নির্বাহী অফিসারও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | | |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রতিবন্ধিভাতা দেয়ার আগে যাচাই-বাছাই করার জন্য কমিটি গঠন করার জন্য অনুরোধ করেন। বর্তমানে হ্যাকিং বন্ধ হয়েছে। এখন সবাই সচেতন হওয়ার কারণে আর কোন হ্যাকিং এর খবর পাওয়া যায়নি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সেচ কার্যক্রম সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় ধন্যবাদ জানান। বড়বাইলশিরার দীর্ঘদিনের সমস্যার সমাধান হয়েছে। নতুন আবেদন না নেয়া ভাল হবে। সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ করে কাজ করা হলে ফলাফল ভাল আসবে। ঋণ আদায় চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির ID এবং Password উদ্যোক্তাদের নিকট থাকায় তথ্য গোপন থাকছে না ফলে হ্যাকিং হচ্ছে। ১-২০ তারিখের মধ্যে আবেদন করতে হবে। কমিটি ২০-২৫ তারিখের মধ্যে যাচাই-বাছাই করবে। ভুয়া কার্ড দেয়া হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে। আগামী ০৮ মার্চ ২০২৫ রোজ শনিবার বিশ্ব নারী দিবস। তিনি সবাইকে নারী দিবস উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২৪ ফেব্রুয়ারি ২০২৫ তারুণ্যের উৎসব সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও জানান যে, যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব রয়েছে সে সকল ল্যাবে নিরাপত্ত নিজ নিজ প্রতিষ্ঠানকেই দিতে হবে। তিনি সভায় উল্লেখ করেন যে, একজন ভারতীয় নারীর বাংলাদেশে বিবাহ হয়েছে। তিনি ২০১৮ সালে NID পেয়েছেন। এখন বাচ্চাদের বিদ্যালয়ে ভর্তির জন্য বাবা-মার NID লাগবে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সুপরামর্শ প্রদান করায় তিনি স্যারকে ধন্যবাদ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১৮-৩৫ বছরের যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ চলাকালে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের পরিদর্শন করার জন্য তিনি অনুরোধ করেন। ৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং তাদের কর্মসংস্থানের উদ্যোগ তিনি গ্রহণ করাবেন। ২০২৪-'২৫ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচে ৪২০ জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা মোতাবেক ০৭টি প্রষিক্ষণ কোর্সে ২১০ জন প্রশিক্ষণার্থীকে বিভিন্ন ট্রেডে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়াও দিনাজপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রে তিন মাস মেয়াদি ৪ জন বেকার যুব প্রশিক্ষন গ্রহণ করছে।<br>তিনি আরও জানান যে, পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী থেকে সর্বমোট =৩৭,৬০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =৩২,৭৩,৩৬০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =৩২,৩৯,২০০/- টাকা এবং আদায় হার শতকরা ৯৮.৯৬%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =৩,১০,২৬,৬০০/-টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৮৫,৮৫,৬০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২,৬৩,৯৪,৬৭৩৫/- টাকা এবং আদায়ের হার শতকরা ৯২.৩৪%। | | |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও ভালভাবে চলছে। দুই উপজেলায় দায়িত্ব পালনের কারণে ব্যস্ত থাকায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এ সভায় উপস্থিত হতে পারননি মর্মে প্রতিনিধি সভায় জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজন অনুযায়ী সাব-মার্সেবল পাম্প দেয়া হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, সঠিক ও সুন্দরভাবে কাজ করতে হবে। ৮০% অবশ্যই হতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২৪.০২.২০২৫ তারিখ থেকে এ উপজেলায় সার্ভের কাজ শুরু হয়েছে। এবার মা ও শিশু স্বাস্থ্য, পুষ্টি, লবণে আয়োডিনের পরিমান এবং শিশুদের ওজন ইত্যাদি বিষয়ে সার্ভে করা হবে। এটি ৩০ জুন ২০২৫ পর্যন্ত চলমান থাকবে। অপর একটি টিম আয়রণ, আয়োডিন ইত্যাদি পরীক্ষা করবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, পুকুর/জলমহলের রেজিস্ট্রেশনের কাজ জানুয়ারি ২০২৫ মাসে শেষ হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জোতবানী ইউনিয়নের গাছগুলো দ্রুত অপসারণ করার জন্য অনুরোধ করেন। ১-১.৫০ কিঃমিঃ রাস্তা হেরিংবন্ড করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। উপজেলা শিক্ষা অফিসার বন বিভাগের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, ভগবতীপুর, দেবীপুর, বৈদাহারসহ মোট ৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গাছ কাটার বিষয়ে তদন্ত প্রতিবেদন না পাওয়ায় গাছ কাটা সম্ভব হচ্ছে না। ফলে বরাদ্দকৃত অর্থ ফেরত যাওয়ার উপক্রম হয়েছে। এ প্রসঙ্গে উপজেলা প্রকৌশলী, বিরামপুর বলেন যে, বন বিভাগের সাথে যোগাযোগ করা হলে তারা জেলা থেকে নিতে হবে মর্মে জানান। তিনি দ্রুত তদন্ত প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ করেন। ঝানজাড় দাখিল মাদ্রাসার গাছ কাটার বিষয়ে জুলাই ২০২৫ মাসে পত্র প্রদান করা হয়েছে। উপজেলা একাডেমিক সুপারভাইজার পত্র প্রাপ্তির পর দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।<br>উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা দেয়ার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দর ও স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বর্তমানে অডিট চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, জনবল সমস্যা সত্বেও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায় ও বিতরণের কার্যক্রম চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তিনি তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর প্রশিক্ষণে ঢাকায় অবস্থান করছেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. UDF, বিরামপুর |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আমন ধান ও চাল সংগ্রহ প্রায় শেষ পর্যায়ে। সিদ্ধ চাল ১০০%। আতব চাল ৬০%+ ১৫ মার্চ ২০২৫ পর্যন্ত সময় নির্ধারিত রয়েছে। ডিলার নিয়োগের কার্যক্রম চলছে। প্রস্তুতি চলছে। ০৬.০৩.২০২৫ তারিখ দুপুর ০৩.০০ ঘটিকায় সভা আহ্বান করা হয়েছে। চরকাই এলএসডিতে নতুন বিল্ডিং হবে। গাছ কাটতে হবে। লে-আউট দিতে হবে। সেকারণে দ্রুত তথ্য দেয়ার জন্য তিনি অনুরোধ করেন। ওএমএস কার্যক্রম চলছে।চালের মান ভাল হওয়ায় চাহিদা বেশী। এ কার্যক্রম রমজান পর্যন্ত চলবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫<br>আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, দিওড় ইউনিয়নে প্রশিক্ষণ চলছে। তিনি আরও জানান যে, জনাব তাহেরা, মহিলা আনসার কমান্ডার ভাল কাজের মূল্যায়ন হিসেবে রাষ্ট্রীয় পদক পেয়েছেন। পদকের সাথে তাকে এককালীন ২৫,০০০/- (পঁচিশহাজার) টাকা প্রদান করা হয়েছে। তিনি আজীবন মাসিক ১,৫০০/-(একহাজার পাঁচশত) টাকা হারে ভাতা পাবেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. জনাব তাহেরা, মহিলা আনসার কমান্ডারকে অভিনন্দন জানানো হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৬<br>ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, পবিত্র রমজান মাসের পবিত্রতা বজায় রাখার জন্য সবার প্রতি আহ্বান জানান। রমজান মাসে যেন কৃত্রিম খাদ্য সংকট তৈরী না হয় সেদিকে ইমাম-মোয়াজ্জেনের পাশাপাশি সবাইকে সচেতন থাকার জন্য তিনি অনুরোধ করেন। তিনি আরও জানান যে, বিরামপুর উপজেলা মডেল মসজিদের আসবাব পত্র পাওয়া গেছে। আসবাবপত্রের মানসম্মত মনে হচ্ছে না। তিনি বন বিভাগরে দায়িত্বশীল কর্মকর্তাকে আসবাবপত্রগুলো দেখার অনুরোধ জানান। কমিটি গঠন করে গঠিত কমিটির মাধ্যমে মসজিদটিতে ইমাম, মোয়াজ্জিন ও খাদেম নিয়োগ দিতে হবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, |
| আলোচনাঃ ৩৭<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৯<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪১ বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২ জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৩ পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৪ সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৫ বিবিধ | -- | -- | -- |

৪৫. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**জানুয়ারি/২০২৪ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর জানুয়ারি/২৫ মাসের ৩০দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান=(১৬,৫০০+১৬,৫০০=৩৩,০০০/-) | =৩৩,০০০/- |
| ০২ | জানুয়ারি/২০২৫ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৩ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে জানুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

26/02/26

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.২২৮/১(৪৫) তারিখঃ ১১.০৩.২০২৫ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো <u>**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**</u>

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৩. জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪ সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর।
০৫. প্রশাসক, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৭. উপজেলা..........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
০৮. চেয়ারম্যান, ..................................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
০৯. জনাব ...................................................................... মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

১১/০৩/২৫

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd